দাঁতন ১নং ব্লকের মনোহরপুর রাজা রামচন্দ্র বিদ্যামন্দিরের সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানের উদ্বোধন করেন মন্ত্রী ড. সৌমেন মহাপাত্র। উপস্থিত ছিলেন বিধায়ক বিক্রমচন্দ্র প্রধানসহ অন্যান্যরা।

পটাশপুরে ক্ষতিগ্রস্ত কৃষকদের চেক বিলি

নিজস্ব সংবাদদাতা, পটাশপুর ঃ এই রাজ্যে কৃষকদের প্রকৃতভাবে উন্নয়ন প্রক্রিয়া শুরু হয়েছে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর হাত ধরে । শনিবার পূর্ব মেদিনীপুর জেলার পটাশপুর-২ ব্লকের ক্ষতিগ্রস্ত কৃষকদের চেক বিলি অনুষ্ঠানের উদ্বোধন করে বলেন কাঁথির সাংসদ শিশির অধিকারী। ব্লকের কৃষি মেলার শেষ দিনে ক্ষতিগ্রস্থ চাষীদের চেক বিলি অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পটাশপুর ২ ব্লক কৃষি আধিকারিক ডঃ অমিতাভ সরকার, পঞ্চায়েত সমিতির সভাপতি চন্দন সাহু প্রমুখ। পটাশপুর ২ ব্লক কৃষি আধিকারিক ডঃ অমিতাভ সরকার জানিয়েছেন, সম্প্রতি আমন ধান মরশুমে শিলাবৃষ্টির কারণে ব্লকের ২৬ হাজার ৫২ জন কৃষক ক্ষতির শিকার হন। রাজ্য সরকারের তরফে ২ কোটি ৬৬ লক্ষ টাকা ওই চাষীদের ক্ষতিপূরণের জন্য বরাদ্দ করা হয়েছে। এইদিন আনুষ্ঠানিকভাবে সেই চেক বিলি প্রক্রিয়া শুরু হল।

নন্দীগ্রামে দিবারাত্রি ফুটবল প্রতিযোগিতা

নিজস্ব সংবাদদাতা, নন্দীগ্রাম ঃ বাঙালির সবচেয়ে প্রিয় খেলা ফুটবল। শীতের মরশুম বাদে সারা বছরের বাকি সময়টা ফুটবল খেলাতেই মেতে থাকতো আমবাঙালি। ভালো লাগছে এখন শীতকালেও ফুটবল খেলা হচ্ছে দেখে। শনিবার পূর্ব মেদিনীপুর জেলার নন্দীগ্রাম ১ ব্লকের পারুল বাড়িতে ডে নাইট ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন করে বলেন রাজ্য স্পোর্টস কাউন্সিলের সদস্য বিশ্বজিৎ মাইতি। স্থানীয় নবীন সংঘের উদ্যোগে অনুষ্ঠিত প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে ছিলেন মোহন বেরা, গোরাচাঁদ দাস, বিমল আচার্য প্রমুখ। বিশ্বজিৎ মাইতি বলেন, গত সাত আট বছরে রাজ্য জুড়ে অন্যান্য অনেক কিছুর সাথে খেলাধূলা চর্চাও আরও বেড়েছে। সুস্থ স্বাভাবিক সমাজ গড়ে ওঠার ক্ষেত্রের এই অবদান অনেকটাই বলে দাবি করেন রাজ্য স্পোর্টস কাউন্সিলের সদস্য। উদ্বোধনী ম্যাচে কেন্দ্রমারি স্পোর্টস এ্যাসোসিয়েশান ও দাউদপুর কোচিং সেন্টার পরস্পরের মুখোমুখি হয়।

জীবিতঅবস্থায় স্মরণসভার পর মৃত্যু ছাত্রের

নিজস্ব সংবাদদাতা, নন্দকুমার ঃ জীবিত অবস্থাতেই তার আত্মার শান্তি কামনা করে দুই দিন ছুটি দিয়েছিল বিদ্যালয় কর্তৃপক্ষ। চূড়ান্ত নিন্দনীয় ঘটনার পরেও বেঁচে ওঠার লড়াই চালিয়েও শেষ পর্যন্ত মৃত্যু কোলে ঢলে পড়লো মনোজ মাইতি (২০)। শুক্রবার রাতে কলকাতার এক বেসরকারি নার্সিং হোমে মৃত্যু হয় নন্দকুমারের কল্যাণচক গৌরী মোহন ইন্সটিটিউশনের বৃত্তিমূলক বিভাগের এই ছাত্রের। জানা গেছে, গত ২৫ তারিখ বড়দিনের দিন রাস্তা পারাপার করার সময় একটি মারুতি গাড়ি ধাক্কা মারে মনোজকে। ঘটনায় গুরুতর আহত হওয়ায় ওই যুবককে উদ্ধার করে চিকিৎসার জন্য কলকাতায় নিয়ে যান বাড়ির লোকেরা। পরের দিন মঙ্গলবার কল্যাণচক গৌরী মোহন ইন্সটিটিউশনের শিক্ষকেরা বিদ্যালয়ে এসে জানতে পারেন, পথ দুর্ঘটনায় মৃত্যু হয়েছে মনোজের। এর জেরে এইদিন এই ছাত্রের আত্মার শান্তি কামনা করে একমিনিট নীরবতা পালন করা হয় বিদ্যালয়ে। তার পর মঙ্গলবার ও বুধবার দুইদিন ছাত্রের অপঘাতে মৃত্যুর শোকে পঠন-পাঠন বন্ধ রাখা হয়। জীবিত ছাত্রের আত্মার শান্তি কামনা করে তার মৃত্যুর শোকে বিদ্যালয় ছুটির ঘটনা সামনে আসতেই চাঞ্চল্য ছড়ায়। নিন্দার ঝড় বয়ে যায়। এতো কিছুর মধ্যেও নার্সিংহোমে চিকিৎসকদের অক্লান্ত পরিশ্রমে বেঁচে ওঠার লড়াই চালিয়ে যাচ্ছিল ওই যুবক। কিন্তু শুক্রবার রাতে শেষ নিঃশ্বাস ত্যাগ করে সে। আর ঘটনাটি জানাজানি হতেই এলাকা জুড়ে শোকের ছায়া নেমে আসে।

কাঁথিতে বিজেপি মহিলা মোর্চার বৈঠক

নিজস্ব সংবাদদাতা, কাঁথি ঃ শনিবার কাঁথি-খড়্গপুর বাইপাসে কাঁথি জেলা বিজেপি মহিলা মোর্চার প্রথম কার্যকারিনী বৈঠক অনুষ্ঠিত হল। উপস্থিত ছিলেন বিজেপির মহিলা মোর্চার রাজ্য সহসভাপতি সঙ্ঘমিত্রা চৌধুরি ও পলি ঘোষ, জেলা সভাপতি সোমনাথ রায়-সহ অন্যান্য জেলা বিজেপির নেতৃত্বরা। বিজেপির দাবি, এইদিন কাঁথি জেলায় বিজেপির প্রথম মহিলা মোর্চার কমিটি গঠন হল। প্রথমে এগারো জনের জেলা কমিটি গঠন হল। কাঁথি জেলা বিজেপির মহিলা মোর্চার সভানেত্রী হিসাবে রুবি মান্না ও সম্পাদিকা হিসাবে মুনমুন খুটিয়া নির্বাচিত হলেন। এইদিন শতাধিক বিজেপির মহিলা মোর্চার কর্মী সমর্থকেরা হাজির ছিলেন।

বালুয়াড়ি ধ্বংস করে উইন্টার কার্নিভাল

ভরা মরসুমে বেসরকারি উদ্যোগে উৎসবকে ঘিরে প্রশ্ন দিঘা জুড়ে

আজহার মুনির, দিঘা ঃ সরকারি উৎসব চলতে চলতেই বেসরকারি উদ্যোগে আরও একটি উৎসব পালনের অনুমতি প্রদান এবং তার জন্য নির্বিচারে বালুয়াড়ি ধ্বংস করাতেও পিছু পা না হওয়ায় উইন্টার কার্নিভাল নিয়ে এক গুচ্ছ প্রশ্ন উঠছে দিঘা শহর জুড়ে। প্রশ্ন পর্যটক মহলে, প্রশ্ন ব্যবসায়ী মহলেও। কি কারণে এই বছর আচমকা দিঘায় ভরা মরসুমে এই ধরণের উৎসব করার অনুমতি প্রদান করলো দিঘা-শংকরপুর উন্নয়ন পর্ষদ। বালোর সংস্কৃতিকে সামনে রেখে দিঘাকে গোয়ার মত বানাতে চান রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। তার জন্য গত সাত বছরে দিঘা-সহ চার সৈকত শহরের সৌন্দর্যায়নে, পরিকাঠামো উন্নয়নে একের পর এক উদ্যোগ গ্রহণ করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। বাম আমলে অবহেলিত দিঘা এখন একে বারে বদলে গেছে। এই প্রচেষ্টাকে এগিয়ে নিয়ে যেতে প্রতি বছর সৈকত উৎসবের আয়োজন করা হচ্ছে সরকারি উদ্যোগে। চলতি বছরে সেই উৎসব চলার মধ্যেই (২০ ডিসেম্বর থেকে ২৬ ডিসেম্বর) কেন একটি বেসরকারি সংস্থাকে নতুন দিঘায় ২৩ ডিসেম্বর থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত সৈকত

উৎসব (উইন্টার কার্নিভাল) করার অনুমতি দিল প্রশাসন তাই নিয়ে প্রশ্ন উঠছে। আর সেই সংস্থার অনুষ্ঠানের ব্যবস্থা করতে কেন বালুয়াড়ি নষ্ট করতে হবে প্রশাসনকে। যেখানে জমির ভাড়ার টাকা ছাড়া এই উৎসব থেকে আর কোন অর্থ পাওয়া যাবে না বলে দিঘা-শংকরপুর উন্নয়ন পর্ষদ সূত্রে জানানো হয়েছে। অথচ, এই অনুষ্ঠানে প্রবেশের জন্য এক একজনকে মাথা পিছু দিতে হচ্ছে ২৫০০ টাকা। যদিও প্রথম দুই দিনের পর সেই টাকা নেমে দাঁড়ায় ৫০০ টাকায়। অবশ্য খরচের এখানেই শেষ নয় উইন্টার কার্নিভালে প্রবেশের জন্য দিতে হচ্ছে ৫০০ টাকা। তার পর ভেতরে আর যেখানেই হাত দেবেন খরচ করতে হবে মোটা মোটা টাকা। সেটা জানার পরেই মুখ ফিরিয়েছেন পর্যটকেরা। পর্যটকেরা সে ভাবে আর কার্নিভালে পা না রাখার কারণেই হয়তো সমস্যা উপলব্ধি সোশ্যাল মিডিয়া ও কিছু সংবাদপত্রে। কয়েকজন বিদেশী মহিলার ছবি প্রকাশ করে দর্শক টানার শেষ চেষ্টা চালানো হয়। তবে এখানে সত্যি বিদেশীরা আসছেন কিনা কিংবা তাঁরা কারা সেই নিয়ে স্পষ্ট ধারণা নেই জেলাপ্রশাসনেরও। জেলা প্রশাসনের হোয়াটস অ্যাপ গ্রুপে বিদেশী দিঘায় আসা নিয়ে বিস্ময় প্রকাশ করেছেন খোদ জেলাশাসক ডাঃ রশ্মী কমল। কে বা কারা যে এখানে এসেছেন তা জানে না পুলিশ প্রশাসনও। পূর্ব মেদিনীপুর জেলার অতিরিক্ত পুলিশ সুপার ইন্দ্রজিৎ বসু জানিয়েছেন, কার্ডে যাঁদের নাম আছে নিশ্চয়ই তাঁদের দিয়ে অনুষ্ঠান হচ্ছে। আর কেনই বা এমন সময় এমন একটা সংস্থাকে এখানে উৎসব করার অনুমতি দেওয়া হল তাই নিয়ে স্পষ্ট করে মুখ খুলছে না কেউ। দিঘা উন্নয়ন পর্ষদের সদস্য তথা পূর্ব মেদিনীপুর জেলা পরিষদের কর্মাধ্যক্ষ দেবব্রত দাসের দাবি, একটি সংস্থা অনুমতি নিয়ে ব্যবসা করছে। জানিয়েছেন, তিনি যাননি, বলতে পারবেন না কার থেকে কত টাকা নেওয়া হচ্ছে। বলেন, তবে শুনেছি ভালো হচ্ছেনা। ভালো যে চলছে না তার অন্যতম উদাহরণ ২৫০০ টাকার টিকিট এক ধাক্কায় ৫০০ টাকায় নেমে আসা। কিন্তু ভালো চললে এই ভরা মরসুমে আখেরে পেটে লাথি পড়তো স্থানীয় ব্যবসায়ী মহলের। সেকথা জানার পরেও কেন এই অনুমতি দেওয়া হয়েছিল তাই নিয়ে প্রশ্ন দিঘার ব্যবসায়ী মহলে।

দুইদিনের জৈব কৃষি ও জীবিকা মেলা

নিজস্ব সংবাদদাতা, কাঁথি ঃ কাজলা জনকল্যাণ সমিতির উদ্যোগে কাঁথি ক্ষেত্রমোহন বিদ্যাভবন প্রঙ্গণে দুইদিনের 'জৈব কৃষি ও জীবিকা মেলা'-র প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে উদ্বোধন করলেন উত্তর কাঁথির বিধায়ক বনশ্রী মাইতি। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কাঁথি পৌরসভার পৌরপিতা সৌম্যেন্দু অধিকারী। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ৭ নং ওয়ার্ডের কাউন্সিলার অতনু গিরি, ডেভেলপমেন্ট রিসার্চ কমিউনিকেশন এন্ড সার্ভিসেস সেন্টারের সুব্রত কুন্ডু, একশান এইড-এর রিজিওনাল ম্যানেজার শ্রী চিত্তরঞ্জন মন্ডল, পূর্ব মেদিনীপুর জেলার কিষাণ স্বরাজ সমিতির সম্পাদক শ্রী ঘোড়াই এবং কাজলা জনকল্যাণ সমিতির সভাপতি পশুপতি নন্দী ও সাধারণ সম্পাদক স্বপন পন্ডা প্রমুখ। কৃষিতে বাড়তে থাকা সংকটের নিষ্পত্তি ও কৃষির উপর গুরুত্ব আরোপের জন্য

২০১১ সালে দেশ জুড়ে 'কিষাণ স্বরাজ যাত্রা' অনুষ্ঠিত হয়। এই 'যাত্রা' পরিক্রমা করে মোট ২০টি রাজ্য। এতে অংশগ্রহণ করে বিভিন্ন রাজ্যের চাষি ও চাষের কাজে যুক্ত বিভিন্ন প্রতিনিধিগণ। অংশগ্রহণকারীদের মধ্যে আলাপ-আলোচনার মাধ্যমে সারা দেশের চাষ ব্যবস্থার বিভিন্ন সমস্যা ও সম্ভাবনার পথ উঠে আসে। এই সম্ভাবনা হল– এক নয়া কৃষি নীতি সারা দেশ জুড়ে চালু করা, যার মাধ্যমে কৃষক পরিবারগুলির জীবন-জীবিকা ও রোজগারের নিশ্চয়তা তৈরি হবে। প্রকৃতি পরিবেশ সুস্থায়ী হবে। কৃষির প্রয়োজনীয় প্রাকৃতিক সম্পদের চাষিদের অধিকার থাকবে আর সবার জন্য পরিমাণ মতো পুষ্টিকর-বৈচিত্র্যময়-বিষমুক্ত খাদ্যের ব্যবস্থা করা যাবে। পূর্ব মেদিনীপুর জেলা কিষাণ স্বরাজ সমিতি দীর্ঘদিন ধরে কাজলা জনকল্যাণ সমিতির অনুপ্রেরণায় ও ডেভেলপমেন্ট রিসার্চ কমিউনিকেশন এন্ড সার্ভিসেস সেন্টারের প্রযুক্তিগত সহায়তায় এবং একশান এইড-এর আর্থিক সহযোগিতায় জৈব কৃষি ও জীবিকা বিষয় কাজ করছে।

কাঁথি পৌরসভার চেয়ারম্যান সৌম্যেন্দু অধিকারী বলেন, বর্তমান দিনে যে শাকসবজি আমরা খাই, তা কিন্তু আমাদের শরীরের পক্ষে খুবই খারাপ, সকলকে এগিয়ে আসতে হবে জৈব পদ্ধতিতে চাষবাস করতে। কাজলা জনকল্যাণ সমিতির এই উদ্যোগকে সাধুবাদ জানান সকল অতিথিগণ। এই দুইদিনের জৈব কৃষি ও জীবিকা মেলায় সহযোগী হিসাবে যুক্ত রয়েছে দক্ষিণ চব্বিশ পরগণা জেলার সংস্থা বাগমারী মাদার এন্ড চাইল্ড কেয়ার মিশন। মেলার দ্বিতীয়ার্ধে 'নিরাপদ খাদ্য ও মানুষের স্বাস্থ্য' বিষয়ে আলোচনা হয়।

সর্বভারতীয় তৃণমূল কংগ্রেস
বন্দেমাতরম্
২১ তম প্রতিষ্ঠা দিবস ২০১৮ পালন ও উদযাপন
আগামী ১ জানুয়ারী সোমবার সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের দলীয় পতাকা উত্তোলন করবেন রাজ্যের প্রাক্তন মন্ত্রী ও বিধায়ক জ্যোতিপ্রিয় কর ।
বিকেল ৪ টায় বস্ত্রদান, উপস্থিত থাকবেন বিধায়ক অখিল গিরি, কাঁথি পুরপ্রধান সৌম্যেন্দু অধিকারী । সন্ধ্যায় জি বাংলার সাংস্কৃতিক সন্ধ্যা।
স্থান - ক্যালট্যাক্স মোড়, কাঁথি
সুপ্রকাশ গিরি, কার্যকরি সভাপতি, পূর্ব মেদিনীপুর জেলা যুব তৃণমূল কংগ্রেস